শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬২.১৯-৪২০

তারিখঃ ০৪ ভাদ্র ১৪২৬ ব.
১৯ আগস্ট ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-২৮৪৯/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ২৮৪৯/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ২৮৪৯/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ২৮৪৯/২০১৯ | জনাব সুশীল কুমার রায়, পিতা- সুধীর রঞ্জন রায়, গ্রাম- আতোরখালী, ডাকঘর- সিংহখালী, উপজেলা- ভাণ্ডারিয়া, জেলা- পিরোজপুর সহ মোট ১৮ (আঠার) জন। | সচিব, মাউশি বিভাগ, সচিব, টিএমইডি, চেয়ারম্যান, এনটিআরসিএ ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন। | বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬ বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬ নং অনুচ্ছেদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর নির্ধারণ করে জনবল কাঠামো জারি করা হয়।<br>উক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ ও মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর নির্ধারণের বিরুদেধ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা)-এর প্রভাষক, সহকারী শিক্ষক, সহকারী মৌলভী শিক্ষক ও প্রদর্শক এর শুন্য পদে নিয়োগদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব সুশীল কুমার রায়সহ মোট ১৮ জন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-২৮৪৯/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১২/০৩/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদে বর্ণিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর নির্ধারণ করা কেন বেআইনী ঘোষণা করা হবেনা এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা)-এর প্রভাষক, সহকারী শিক্ষক, সহকারী মৌলভী শিক্ষক ও প্রদর্শক এর শুন্য পদে নিয়োগদানের জন্য সংশ্লিষ্টদের কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ০৯/০৪/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ২৮৪৯/২০১৯ মামালার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০৫/০৯/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

১৯.৮.১৯

(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন-৯৫৭৪০৯০।

চেয়ারম্যান
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৪ ও ৫, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩-৪। অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx